

🗏 আল-ওয়াকিয়া | Al-Waqi'a | ٱلْوَاقِعَة

আয়াতঃ ৫৬: ৩৪

আরবি মূল আয়াত:

وَّ فُرُشٍ مَّرفُوعَةٍ ﴿٢٤﴾

(তারা থাকবে) সুউচ্চ শয্যাসমূহে; — আল-বায়ান

আর উঁচু উঁচু বিছানায়। — তাইসিরুল

আর সমুচ্চ শয্যাসমূহ। — মুজিবুর রহমান

And [upon] beds raised high. — Sahih International

৩৪. আর সমুচ্চ শয্যাসমূহ(১);

(১) فراش শব্দটি فراش এর বহুবচন। অর্থ বিছানা। উচ্চস্থানে বিছানো থাকবে বিধায় জান্নাতের শয্যা সমুন্নত হবে। দ্বিতীয়ত, এই বিছানা মাটিতে নয়, পালঙ্কের উপর থাকবে। তৃতীয়ত, স্বয়ং বিছানাও খুব পুরু হবে। কারও কারও মতে এখানে বিছানা বলে শয্যাশায়িনী নারী বোঝানো হয়েছে। কেননা, নারীকেও বিছানা বলে ব্যক্ত করা হয়। এই অর্থ অনুযায়ী مرفوعة এর অর্থ হবে উচ্চমর্যাদাসম্পন্ন ও সম্রান্ত। [ইবন কাসীর; কুরতুবী; বাগভী]

তাফসীরে জাকারিয়া

(৩৪) আর সমুচ্চ শয্যাসমূহ। [1]

[1] কেউ কেউ فُرُشُ (থেকে অর্থ নিয়েছেন স্ত্রীগণ। আর مَرفوعة এর নিয়েছেন উচ্চ মর্যাদাসম্পন্না। যেহেতু পরবর্তীতে তাদের কথাই আলোচনা হয়েছে।

তাফসীরে আহসানল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5013

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন